# আজ বিএনপি, জামায়াত ও এনসিপির সঙ্গে প্রধান উপদেষ্টার বৈঠক



সংগৃহীত ছবি

আসন্ন জাতীয় নির্বাচন ও চলমান রাজনৈতিক সংকট নিয়ে আজ আলাদা বৈঠকে বসবেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। বিকেলে বিএনপি, জামায়াতে ইসলামী ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সঙ্গে এই বৈঠক অনুষ্ঠিত হবে। রাজনৈতিক অঙ্গনে উত্তেজনা বাড়ার প্রেক্ষাপটে এ বৈঠককে অত্যন্ত তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে রাজনৈতিক পরিস্থিতি দিন দিন জটিল হচ্ছে। এর মধ্যেই আজ শনিবার (৩০ আগস্ট) তিনটি রাজনৈতিক দলের সঙ্গে বৈঠক করবেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। প্রধান উপদেষ্টার বাসভবন যমুনায় আয়োজিত সংবাদ সম্মেলনে প্রেস সচিব শফিকুল আলম এ তথ্য জানান।

তিনি বলেন, বিকেল ৩টায় বিএনপির সঙ্গে, সাড়ে ৪টায় জামায়াতে ইসলামী এবং সন্ধ্যা ৬টায় জাতীয় নাগরিক পার্টির (এনসিপি)-এর সঙ্গে বৈঠকে বসবেন প্রধান উপদেষ্টা। আলোচনার মূল এজেন্ডা থাকবে নির্বাচন, রাজনৈতিক পরিস্থিতি ও জুলাই সনদের বাস্তবায়ন ইস্যু।

রাজনৈতিক বিশ্লেষকদের মতে, ইসির ঘোষিত রোডম্যাপ অনুযায়ী চলতি বছরের ডিসেম্বরের প্রথমার্ধে নির্বাচনী তফসিল ঘোষণা এবং ২০২৬ সালের ফেব্রুয়ারির প্রথমার্ধে নির্বাচন হওয়ার কথা থাকলেও সাম্প্রতিক উত্তেজনা নির্বাচনের সময়সূচি নিয়ে সংশয় তৈরি করেছে।

রাজনীতির মাঠে এখন বড় প্রশ্ন—ঘোষিত সময়ে নির্বাচন আয়োজন সম্ভব হবে কি না। আজকের বৈঠককে তাই আসন্ন নির্বাচনের ভবিষ্যৎ দিকনির্দেশনা নির্ধারণে গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে দেখা হচ্ছে